দৈনিক ইত্তেফাক

তারিখ 20 DEC 1993
পৃষ্ঠা 2 কলাম 7

67

## পাঠ্যপুস্তক ফেরত প্রসঙ্গে

গত ৯ই ডিসেম্বর দৈনিক ইত্তেফাকের একটি খবরে দেখিতে পাইলাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত একটি সার্কুলারে বলা হইয়াছে যে, সরকার ১৯৯৩ শিক্ষাবর্ষে বিতরণকৃত বই সংগ্রহ করিয়া পুনঃ-ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। এই সিদ্ধান্ত অনুযায়ী স্কুলসমূহে এইমর্মে পত্র দেওয়া হইয়াছে যে, ১৫ই ডিসেম্বরের মধ্যে বইগুলি সংগ্রহ করিতে হইবে। হঠাৎ করিয়া এই প্রকার একটি সিদ্ধান্ত কেন নেওয়া হইল তাহা আমাদের বোধগম্য নহে। কেননা বছরের শুরুতে যে সমস্ত বই বিতরণ করা হইয়াছিল উহাদের অধিকাংশই ছিঁড়িয়া গিয়াছে, যেহেতু বইগুলি নিউজপ্রিন্টে ছাপা। এই সমস্ত বই কি করিয়া কোমলমতি শিশুরা গ্রহণ করিবে তাহা কর্তৃপক্ষকে একবার ভাবিয়া দেখার জন্য অনুরোধ করিতেছি।

—দোস্ত মোহাম্মদ দিপু, আগামসি লেন, ঢাকা।